**পশ্চিমবঙ্গ সরকার**
**পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তর**
**জেশপ বিল্ডিং (দ্বি-তল), ৬৩, নেতাজী সুভাষ রোড**
**কলকাতা - ৭০০ ০০১**

নং:- ১১/পি.এন./ও/ ১/ ১টি- ১/০৯ তারিখ: ০৪. ০১. ২০১০

## আদেশনামা

যেহেতু পশ্চিমবঙ্গ পঞ্চায়েত আইন, ১৯৭৩ (১৯৭৩-এর পশ্চিমবঙ্গ ৪১ আইন)-এর ৩৫ক ধারার (১) উপধারা ও পশ্চিমবঙ্গ পঞ্চায়েত (গ্রাম পঞ্চায়েত হিসাব রক্ষণ, নিরীক্ষা ও বাজেট) নিয়মাবলী, ২০০৭-এর ৩১ নিয়মের (১) উপ-নিয়ম অনুযায়ী রাজ্যের গ্রাম পঞ্চায়েত কর্তৃক নির্ধারিত কর, অভিকর ও ফি আদায় করার জন্য সংশ্লিষ্ট গ্রাম পঞ্চায়েত এলাকার মধ্যে বসবাসকারী কর আদায়কারীগণ নিয়োজিত আছেন ;

এবং যেহেতু ইতিপূর্বে এই বিভাগের বিগত ১৩/ ১২/২০০০ তারিখের ৫৬০৫/পি.এন./ও/তিন/ ১ডি-৪/৯৭ (অংশ-৩) নং স্মারক অনুযায়ী প্রত্যেক কর আদায়কারী বিগত ১লা অক্টোবর, ২০০০ তারিখ থেকে প্রতি মাসে ২০০.০০ টাকা হারে ভাতা গ্রহণ করছিলেন ;

এবং যেহেতু ঐ ভাতা বৃদ্ধি করার বিষয়টি বেশ কিছুদিন যাবৎ রাজ্য সরকারের সক্রিয় বিবেচনাধীন ছিল;

এবং যেহেতু বর্তমান আর্থ-সামাজিক পরিস্থিতির নিরিখে পূর্ববর্ণিত ভাতা বৃদ্ধি করার প্রয়োজনীয়তা আছে বলে রাজ্য সরকারের এই বিভাগ মনে করেন ;

অতএব, পশ্চিমবঙ্গ পঞ্চায়েত আইন, ১৯৭৩ (১৯৭৩-এর পশ্চিমবঙ্গ ৪১ আইন)-এর ২১২ ধারা কর্তৃক প্রদত্ত ক্ষমতা প্রয়োগ করে রাজ্যপাল ঐ ভাতা বৃদ্ধি করতে সম্মত হয়েছেন এবং সন্তোষ সহকারে নির্দেশ জারি করছেন যে ১লা এপ্রিল, ২০০৯ তারিখ থেকে মাসিক ৭৫০.০০ টাকা হারে একজন কর আদায়কারীকে ভাতা প্রদান করা হবে এবং ঐ ভাতা নিম্নলিখিত শর্তাধীনে বন্টন ও প্রদান করা হবে । শর্তগুলি হলো -

১) ঐ ভাতা প্রদান করার জন্য ব্যয়ের ৮০ শতাংশ রাজ্য সরকারের কোষাগার থেকে বহন করা হবে এবং অবশিষ্ট ২০ শতাংশ গ্রাম পঞ্চায়েতের নিজস্ব তহবিল থেকে বহন করতে হবে ;

২) ঐ ভাতা গ্রহণের অধিকারী হবার জন্য কর আদায়কারীকে কম পক্ষে মাসিক ১০০০.০০ টাকা বা ত্রৈ-মাসিক ৩০০০.০০ টাকা বা বার্ষিক ১২,০০০.০০ টাকা কর আদায় করতে হবে ।

মাসিক ভাতা ব্যতীত কর আদায়কারী বর্তমানে যে হারে কর এবং অ-কর আদায়ের জন্য কমিশন গ্রহণ করছেন, ঐ সম হারে কমিশন গ্রহণ করবেন এবং কমিশন প্রদানের নিমিত্ত ব্যয় গ্রাম পঞ্চায়েতের নিজস্ব তহবিল থেকে বহন করতে হবে ।

রাজ্য সরকারের অর্থ বিভাগের গ্রুপ আর-এর বেসরকারী নং ১৭৬ তাং ২২/১২/৩৯-এর সম্মতি সাপেক্ষে এই আদেশমনামা রাজ্যপালের আদেশানুসারে প্রচারিত হ'ল ।

রাজ্যপালের আদেশানুসারে,

স্বাঃ-মানবেন্দ্র নাথ রায়

প্রধান সচিব
পশ্চিমবঙ্গ সরকার

নং:- ১১/১(১৫)/পি.এন./ও/১/১টি-১/০৯ তারিখ: ০৪. ০১. ২০১০

অনুলিপি জ্ঞাতার্থে এবং প্রয়োজনীয় ব্যবস্থা অবলম্বনের জন্য পাঠানো হল :-

১) প্রধান এ্যাকাউন্টেন্ট জেনারেল, (প্রশাসন এবং সংস্থা), পশ্চিমবঙ্গ ।
২) এ্যাকাউন্টেন্ট জেনারেল, (নিরীক্ষা-১), পশ্চিমবঙ্গ ।
৩) এ্যাকাউন্টেন্ট জেনারেল, (নিরীক্ষা-২), পশ্চিমবঙ্গ ।
৪) অর্থ (বাজেট) বিভাগ ।
৫) অধিকর্তা, হিসাব ও কোষাগার ।
৬) স্থানীয় হিসাব পরীক্ষক , সি.জি.ও কমপ্লেক্স, এম.এস.ও. বিল্ডিং, ষষ্ঠ তল, ডি.এফ ব্লক, সেক্টর - ১, সল্ট লেক, কোলকাতা - ৭০০ ০০১ ।
৭) কমিশনার, পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন, পশ্চিমবঙ্গ, পঞ্চায়েত ভবন, কলকাতা ।
৮) অধিকর্তা, রাজ্য পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন সংস্থা, কল্যানী, নদীয়া ।
৯) জেলাশাসক, ---------------------------------------------------------- (সকল) ।
১০) অতিরিক্ত নির্বাহী আধিকারিক, ------------------------------------------জেলা পরিষদ (সকল) ।
১১) জেলা পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন আধিকারিক, --------------------------------------জেলা (সকল) ।
১২) মহকুমা শাসক, ------------------------------------------------------------------------(সকল) ।
১৩) ব্লক উন্নয়ন আধিকারিক, ----------------------------------------------পঞ্চায়েত সমিতি (সকল) ।
১৪) ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়ের একান্ত সচিব / রাষ্ট্রমন্ত্রী মহাশয়ের একান্ত সচিব, পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগ
১৫) এই বিভাগের সকল শাখা ।

যুগ্ম সচিব
পশ্চিমবঙ্গ সরকার

ক.স

(মানবেন্দ্র নাথ রায়)

প্রধান সচিব
পশ্চিমবঙ্গ সরকার

**নং :-          /পি.এন./ও/ ১/৩সি-৭/৯৬(অংশ-১)          তারিখ:**

অনুলিপি জ্ঞাতার্থে এবং প্রয়োজনীয় ব্যবস্থা অবলম্বনের জন্য পাঠানো হল :-

১) কমিশনার, পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন, পশ্চিমবঙ্গ, পঞ্চায়েত ভবন, কলকাতা ।

২) অধিকর্তা, রাজ্য পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন সংস্থা, কল্যানী, নদীয়া ।

৩) সভাধিপতি, ----------------------------------------------------------------জেলা পরিষদ (সকল) ।

৪) জেলাশাসক ও নির্বাহী আধিকারিক , --------------------------------------জেলা পরিষদ (সকল) ।

৫) অতিরিক্ত নির্বাহী আধিকারিক, ---------------------------------------------জেলা পরিষদ (সকল) ।

৬) মহকুমা শাসক, ---------------------------------------------------------------------------(সকল) ।

৭) জেলা পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন আধিকারিক, ---------------------------------------জেলা (সকল) ।

৮) ব্লক উন্নয়ন আধিকারিক ও নির্বাহী আধিকারিক, -----------------------পঞ্চায়েত সমিতি (সকল) ।

৯) সচিব, -----------------------------------------------------------------------------জেলা (সকল) ।

১০) সভাপতি, --------------------------------------------------------------পঞ্চায়েত সমিতি (সকল) ।

১১) ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়ের একান্ত সচিব/রাষ্ট্রমন্ত্রী মহাশয়ের একান্ত সচিব, পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগ

১২) এই বিভাগের সকল শাখা ।

যুগ্ম সচিব
পশ্চিমবঙ্গ সরকার

যুগ্ম সচিব
পশ্চিমবঙ্গ সরকার